# গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**জাতীয় প্রতিবন্ধী উন্নয়ন ফাউন্ডেশন**

**সমাজকল্যাণ মন্ত্রণালয়**

২/এ, সেকশন-১৪, মিরপুর, ঢাকা-১২০৬।

স্মারক নং-৪১.০২.০০০০.০০৮.০০.০৮৮.২০২৩-১২১৯

০৫ অগ্রহায়ণ ১৪৩২
২০ নভেম্বর ২০২৫

**বিষয় ঃ প্রতিবন্ধিতা বিষয়ক কার্যক্রমে নিয়োজিত বেসরকারী সংগঠনসমূহের মধ্যে অনুদান প্রদান বিজ্ঞপ্তি প্রকাশ প্রসংগে।**

এতদসংগে সংযুক্ত প্রতিবন্ধিতা বিষয়ক কার্যক্রমে নিয়োজিত বেসরকারী সংগঠনসমূহের মধ্যে অনুদান প্রদান বিজ্ঞপ্তি আপনর বহুল প্রচারিত দৈনিক পত্রিকায় আগামী ২৫-১১-২০২৫ তারিখ বা তার পূর্বে সীমিত পরিসরে (এক দিন) প্রকাশপূর্বক দু'কপি পত্রিকাসহ যথারীতি বিল দাখিল করার জন্য অনুরোধ জানানো হলো।

সংযুক্তি ঃ বিজ্ঞপ্তি ২ (দুই) পাতা।

২০/১১/২০২৫

(মোঃ সেলিম হোসেন)
পরিচালক (কার্যক্রম)
☏ ৪১০০০০৯৬

বিতরণ ঃ

১। ম্যানেজার (বিজ্ঞাপন), দৈনিক ইত্তেফাক, ৪০ কাওরান বাজার, ঢাকা।
২। ম্যানেজার (বিজ্ঞাপন), ডেইলি ষ্টার, ৬৫-৪৫ কাজী নজরুল ইসলাম এভিনিউ, কাওরান বাজার, ঢাকা।

অনুলিপি ঃ সদয় অবগতি/কার্যার্থে প্রেরণ করা হলো।

১. উপদেষ্টা মহোদের একান্ত সচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. সচিব মহোদের একান্ত সচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. প্রতিবন্ধী বিষয়ক কর্মকর্তা, প্রতিবন্ধী সেবা ও সাহায্য কেন্দ্র (সকল), (বিজ্ঞপ্তি অনুসারে আবেদন/প্রস্তাব গ্রহণ ও নির্ধারিত/দ্রুত সময়ে অত্র দপ্তরে প্রেরণ করার অনুরোধসহ)।
৪. প্রোগ্রামার, জাতীয় প্রতিবন্ধী উন্নয়ন ফাউন্ডেশন, ঢাকা (বিজ্ঞপ্তি ও অনুদান আবেদন ফরম ফাউন্ডেশনের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসমেত)।
৫. ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, জাতীয় প্রতিবন্ধী উন্নয়ন ফাউন্ডেশন, ঢাকা।
৬. পরিচালক (প্রশাঃ ও অর্থ)/(পরিঃ ও উন্নয়ন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, জাতীয় প্রতিবন্ধী উন্নয়ন ফাউন্ডেশন, ঢাকা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

জাতীয় প্রতিবন্ধী উন্নয়ন ফাউণ্ডেশন

সমাজকল্যাণ মন্ত্রণালয়

এ/৪, সেকশন-১৪, মিরপুর, ঢাকা-১২০৬

স্মারক নং-৪১.০২.০০০০.০০৮.০০.০৮৮.২০২৩-১২১৮

০৫ অগ্রহায়ণ ১৪৩২
২০ নভেম্বর ২০২৫

**প্রতিবন্ধিতা বিষয়ক কার্যক্রমে নিয়োজিত বেসরকারী সংগঠনসমূহের মধ্যে অনুদান প্রদান সংক্রান্ত বিজ্ঞপ্তি**

জাতীয় প্রতিবন্ধী উন্নয়ন ফাউন্ডেশনের অনুদান নীতিমালা ২০১৬ অনুযায়ী প্রতিবন্ধী ব্যক্তিদের উন্নয়নে কর্মরত দেশীয় বেসরকারী সংগঠনসমূহের মধ্যে প্রতিবন্ধী ব্যক্তিদের উন্নয়নে নির্দিষ্ট প্রকল্প/কর্মসূচি গ্রহণ ও বাস্তবায়নে অনুদান সহায়তা প্রদানের লক্ষ্যে ফাউন্ডেশনের নির্ধারিত ফরমে নিমোক্ত শর্তাবলীর আলোকে প্রস্তাব আহ্বান করা যাচ্ছে। জাতীয় প্রতিবন্ধী উন্নয়ন ফাউন্ডেশনের ওয়েবসাইট (www.jpuf.gov.bd) হতে আবেদন ফরম ডাউনলোড করে বিজ্ঞপ্তিতে বর্ণিত শর্ত প্রতিপালনপূর্বক এবং আবেদন ফরম এর মূল্য বাবদ **'জাতীয় প্রতিবন্ধী উন্নয়ন ফাউন্ডেশন'** শিরোনামে ৫০০.০০ (পাঁচশত) টাকার পে-অর্ডার/ব্যাংক ড্রাফটসহ **ব্যবস্থাপনা পরিচালক, জাতীয় প্রতিবন্ধী উন্নয়ন ফাউন্ডেশন** বরাবর আবেদন করতে হবে।

প্রয়োজনীয় শর্তাবলী ঃ

১) আবেদনকারী সংস্থাকে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সমাজসেবা অধিদপ্তর/এনজিও বিষয়ক ব্যুরো বা সরকার কর্তৃক অনুমোদিত কর্তৃপক্ষের রেজিস্ট্রিকৃত সংগঠন/সংস্থা/প্রতিবন্ধী ব্যক্তিদের কল্যাণমূলক ট্রাষ্ট হতে হবে।

২) প্রত্যাশী সংস্থা/সংগঠনের অনুমোদিত গঠনতন্ত্রে এবং বার্ষিক প্রতিবেদনে প্রতিবন্ধী মানুষের উন্নয়নের সুনির্দিষ্ট উদ্দেশ্য সম্বলিত কর্মপরিকল্পনাসহ অন্যান্য কার্যক্রমের সুস্পষ্ট রূপরেখা/বাস্তবায়ন কৌশল উল্লেখ থাকতে হবে। এ ছাড়া সর্বশেষ অনুমোদিত নিরীক্ষা প্রতিবেদনে প্রতিবন্ধী ব্যক্তিদের উন্নয়নে গৃহীত কার্যক্রমের সুনির্দিষ্ট ব্যয়ের খাত থাকতে হবে। নিবন্ধনের বয়সসীমা ন্যূনতম ৩ (তিন) বছর হতে হবে। অর্থাৎ নিবন্ধন অনুসারে সংস্থার কমপক্ষে ৩ (তিন) বছরের কর্মকালীন বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। যে সকল সংস্থার নিবন্ধনের বয়স ২৫-০১-২০২৬ তারিখে কমপক্ষে ৩ (তিন) বছর হবে কেবল মাত্র ঐ সকল সংস্থাই আবেদন করতে পারবে।

৩) অনুদান প্রত্যাশী সংস্থার অধীনে প্রতিবন্ধী জনগোষ্ঠির উন্নয়নে উল্লেখযোগ্য সংখ্যক দক্ষ/প্রশিক্ষণ প্রাপ্ত জনবল থাকতে হবে। সংস্থার অনুমোদিত হালনাগাদ ব্যবস্থাপনা কমিটি থাকতে হবে।

৪) সংস্থার ইতোপূর্বে বাস্তবায়িত প্রতিবন্ধিতা বিষয়ক কার্যক্রম সম্পর্কে সংশ্লিষ্ট উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয়/উপজেলা সমাজসেবা কর্মকর্তা/শহর সমাজসেবা কর্মকর্তা/প্রতিবন্ধী বিষয়ক কর্মকর্তার সুস্পষ্ট সুপারিশসহ সরেজমিনে পরিদর্শন প্রতিবেদন থাকতে হবে।

৫) প্রতিবন্ধিতা বিষয়ক কার্যক্রমের সাথে সংশ্লিষ্ট এমন অন্যূন একটি বেসরকারি সংস্থার/সংগঠনের সুপারিশ আবেদন পত্রের সাথে সংযুক্ত করতে হবে। আবেদন ফরমের সাথে নিবন্ধনের সত্যায়িত কপি, হালনাগাদ নিরীক্ষার প্রতিবেদনের কপি, বার্ষিক প্রতিবেদন, হালনাগাদ ব্যবস্থাপনা কমিটির আদেশসহ বর্ণিত তথ্যাদি/কাগজপত্র সংযুক্ত করতে হবে। আবেদন পত্রের প্রথম পৃষ্ঠায় বর্ণিত সংলগ্নীর (সূচিপত্রসহ) অন্তর্ভূক্ত প্রতিবেদনগুলোর/কাগজ পত্রের পৃষ্ঠা নম্বর স্পষ্ট করে উল্লেখ করতে হবে।

৬) আন্তর্জাতিক সংস্থা/সংগঠনকে এ অনুদানের আবেদন করা থেকে বিরত থাকার পরামর্শ দেয়া হল।

৭) যে সকল সংস্থা/সংগঠন জাতীয় প্রতিবন্ধী উন্নয়ন ফাউন্ডেশন থেকে বিগত ২০২০-২০২১ অর্থ বছরে অনুদান পেয়েছে এ সকল সংস্থা/সংগঠন প্রাপ্ত অর্থ দ্বারা প্রতিবন্ধী ব্যক্তিদের উন্নয়নে গ্রহীত কার্যক্রমের বিষয়ে সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসারের প্রত্যয়নপত্র/মতামত আবেদন পত্রের সাথে সংযুক্ত করতে হবে (সিটি কর্পোরেশনের আওতাধীন সংস্থার ক্ষেত্রে উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয় এর প্রত্যয়নপত্র/মতামত সংযুক্ত করতে হবে)।

৮) যে সকল সংস্থা/সংগঠন জাতীয় প্রতিবন্ধী উন্নয়ন ফাউন্ডেশন কর্তৃক ঋণ গ্রহণ করেছে কিন্তু তা অপরিশোধিত রয়েছে এ সকল ঋণ খেলাপি সংস্থার আবেদন/প্রস্তাব অযোগ্য হিসেবে বিবেচিত হবে। ঋণ খেলাপি সংস্থাসমূহ আগামী ২৫-০১-২০২৬ তারিখের মধ্যে বকেয়া ঋণ পরিশোধ (সার্ভিস চার্জসহ) করে 'জাতীয় প্রতিবন্ধী উন্নয়ন ফাউন্ডেশন' হতে না দাবী পত্র/প্রত্যায়ন পত্র সংগ্রহপূর্বক আবেদন/প্রস্তাব দাখিল করতে পারবে। না দাবী পত্র/প্রত্যায়ন পত্র আবেদন/প্রস্তাবের সাথে সংযুক্ত করতে হবে।

৯) গত ২০২২-২০২৩ অর্থ বছরে (গত ২০ ডিসেম্বর ২০২২ তারিখের মধ্যে জমাকৃত) অনুদান প্রাপ্তির জন্য যে সকল প্রতিষ্ঠান/সংস্থা আবেদন/প্রস্তাব দাখিল করেছে এ সকল প্রতিষ্ঠানকে পুনরায় আবেদন করার প্রয়োজন নেই।

১০) অসম্পূর্ণ আবেদন বাতিল বলে গণ্য হবে।

১১) অনুদান প্রদানের ক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত হিসেবে বিবেচিত হবে।

উপযুক্ত সংস্থা/সংগঠনসমূহের অনুদানের প্রস্তাব/আবেদন আগামী ০৩-০২-২০২৬ তারিখ অফিস সময়ের মধ্যে সরাসরি/ডাকযোগে **জাতীয় প্রতিবন্ধী উন্নয়ন ফাউন্ডেশন (সুবর্ণ ভবন, এ/৪, সেকশন-১৪, মিরপুর, ঢাকা-১২০৬)** বা জাতীয় প্রতিবন্ধী উন্নয়ন ফাউন্ডেশন কর্তৃক পরিচালিত **'প্রতিবন্ধী সেবা ও সাহায্য কেন্দ্র'** বরাবর জমা দিতে হবে। উল্লেখ্য, নির্ধারিত তারিখ ও সময়ের পরে প্রাপ্ত আবেদন/প্রস্তাব গ্রহণ যোগ্য হবে না।

২০/১২/২০২৫

(মোঃ সেলিম হোসেন)
উপপরিচালক (কার্যক্রম)
জাতীয় প্রতিবন্ধী উন্নয়ন ফাউন্ডেশন